⚠ কুরআনের পাণ্ডুলিপির বিভিন্ন নমুনা বিশ্লেষণ

বর্তমানে প্রাপ্ত কুরআনের নিম্নোক্ত আয়াতে আমরা পাই,

﴿١٥:٩ اِنَّا نَحۡنُ نَزَّلۡنَا الذِّكۡرَ وَ اِنَّا لَهٗ لَحٰفِظُوۡنَ﴾

"আমিই জিকির অবতীর্ণ করেছি এবং আমিই উহার সংরক্ষক।" (সূরা ১৫. আল-হিজর, আয়াত নং ৯)

উক্ত আয়াতে যদিও জিকির (الذِّكۡرَ) সংরক্ষণের কথা এসেছে, সরাসরি "কুরআন" বলা হয়নি, তবুও মুসলিমদের দাবি অনুযায়ী তর্কের খাতিরে আমরা ধরে নিলাম যে, এখানে 'জিকির' বলতে কুরআনকেই বোঝানো হয়েছে।

সেক্ষেত্রে মুসলিমদের দাবি অনুযায়ী, স্বয়ং আল্লাহ কুরআন সংরক্ষণের দায়িত্ব নিয়েছেন!

কিন্তু কুরআনের যে সকল প্রাচীন পাণ্ডুলিপির বিভিন্ন অংশ পাওয়া যায়, সেগুলোর অবস্থা খুবই শোচনীয়! তবে পাণ্ডুলিপির অনুন্নত অবস্থা একটি স্বাভাবিক বিষয়। পাণ্ডুলিপি সময়ের সাথে ক্ষতিগ্রস্ত হবে - এটাই স্বাভাবিক। তাই পাণ্ডুলিপি এমন ক্ষতিগ্রস্ত হওয়াটা মূল আপত্তির কারণ নয়।

বরং মূল আপত্তি আমাদের কিছু ফিকশনাল থিওরির ওপর - যেগুলো মুসলিমরা পেশ করে থাকে।

এখানে প্রথমে তাই কিছু বিষয় উল্লেখ করে নেওয়া প্রয়োজন:
👉 মুসলিমদের আকিদা অনুযায়ী, আল্লাহ তার আসমানি কিতাব বিভিন্ন নবীর ওপর অবতীর্ণ করেছেন যার মধ্যে কুরআন হল সর্বশেষ আসমানি কিতাব।
👉 এই আসমানি কিতাবের ধারণা বিশেষভাবে কুরআনের ওপর প্রতিষ্ঠিত। তাই কুরআন নেই তো আসমানি কিতাবের ধারণাও আর থাকবে না!
👉 এখন, মুসলিমদের আকিদা অনুযায়ী, কুরআনের প্রতিটি শব্দ স্বয়ং আল্লাহ তাআলার নিজের এবং তাই সূরা আল-হিজর এর আয়াত নং ৯ অনুযায়ী, কিয়ামতের আগ অবধি আল্লাহ এই কুরআনের প্রতিটি শব্দকে, এমনকি প্রতিটি অক্ষরকে পর্যন্ত সংরক্ষণ করবেন।
👉 অর্থাৎ যদি কেবল একটি অক্ষরেরও সংরক্ষণ ব্যর্থ হয়, তবে কুরআনকে আসমানি কিতাবের মানদণ্ডে বিকৃত ধরতে হবে।

এবার মূল বিষয়টি লক্ষ্যণীয় - যা হল এই যে,
১) বাইবেল যেহেতু মানুষের ভাষায় রচিত, তাই এই রচনার ক্ষেত্রে বিভিন্ন পাণ্ডুলিপির মধ্যে সমন্বয় সাধনের জন্য textual criticism রয়েছে। আর তাই আমরা যখন বাইবেল এর বাণী সংরক্ষিত বলে দাবি করি, তখন এর অর্থ এটা বোঝাবে না যে, এর পাণ্ডুলিপিগুলোর মধ্যে কোনো শব্দগত বৈচিত্র্য বা শব্দ-বাক্যের কম-বেশি নেই। বরং আমরা মূলত বোঝাতে চাই যে, পাণ্ডুলিপিগুলোর মাধ্যমে আমরা মূল মেসেজ বা বার্তাটি textual criticism এর বিশেষ science এর মাধ্যমে উদ্ধার করতে পারি।

👉 কিন্তু কুরআনের মানদণ্ড যেহেতু আসমানি কিতাবের মানদণ্ড, তাই এখানে কোনো মানব হস্তক্ষেপ যেমন থাকবে না, তেমনি কোনো textual criticism-ও করা যাবে না। তাই এর পাণ্ডুলিপির প্রতিটি শব্দ যেমন আছে, তেমনই রাখতে হবে। এর ওপর কোনো বিশেষ scientific method প্রয়োগ করা যাবে না।
যদি কুরআনের এই মানদণ্ড আপনি মেনে নেন, তবে কুরআনের পাণ্ডুলিপিতে যদি একটি শব্দও পরিবর্তিত হয়ে যায়, তবে সেই পাণ্ডুলিপিকে আসমানি কিতাবের মানদণ্ডে বিকৃত ধরতে হবে। কারণ কুরআনের মানদণ্ডে মুসলিমদের আকিদা অনুযায়ী, সর্বশেষ আসমানি কিতাব কুরআনকে স্বয়ং আল্লাহ সংরক্ষণ করবেন। তাই যদি কোনো পাণ্ডুলিপির কোথাও সামান্যতম বা কেবল একটি অক্ষরেরও বিকৃতি বা ত্রুটি দেখা যায়, তবে আসমানি কিতাবের ধারণার মানদণ্ডে সেই পাণ্ডুলিপি বিকৃত বলে সাব্যস্ত হবে আর সেখানে আপনি কোনো textual criticism করার অধিকারও রাখবেন না!

🚫 এই অবধি যদি আপনি পুরোটা পড়ে না থাকেন, তবে প্রথমে উপরের লেখনি আগে পড়ে আসুন।

এখন, এই অবধি পড়ার পর আমরা এবার মূল পয়েন্টটি তুলে ধরার চেষ্টা করছি। আর তা হল, এই লেখনির সাথে আমরা মুসলিমদের ওয়েবসাইট থেকেই কুরআনের প্রাচীন পাণ্ডুলিপিগুলোর বিভিন্ন অংশের বেশ কিছু ছবি পেশ করছি যেখানে আমরা বেশ কতগুলো জায়গা চিহ্নিত করে দিয়েছি। আমরা ছবিগুলোর মূল ওয়েবসাইটগুলোও এই পোস্টের শেষে দিয়ে দিয়েছি।
এখানে পাণ্ডুলিপিগুলোতে বিভিন্ন স্থানে প্রচুর ত্রুটি লক্ষ্য করা যায়। কোথাও কোথাও ফাটল ধরেছে। কোথাও কোথাও লেখা মুছে গেছে। কোথাও কোথাও শব্দ ও অক্ষর বোঝা যাচ্ছে না এবং কোথাওবা অক্ষর মুছে যাওয়ার পর পুনরায় তা নতুন করে লিখে দেওয়া হয়েছে।
আর আমরা আগেই উপরে ব্যাখ্যা করেছি যে, আসমানি কিতাবের মানদণ্ডে মাত্র একটি অক্ষরও যদি পরিবর্তিত হয়, তবে সেই পাণ্ডুলিপি বিকৃত বলে সাব্যস্ত হবে।
সেক্ষেত্রে আমাদের আপত্তি এটাই যে, পাণ্ডুলিপির এমনতর শোচনীয় অবস্থা আসমানি কিতাবের ধারণার মানদণ্ডে কীভাবে এটা প্রমাণ করার জন্য যথেষ্ট হয় যে, কুরআনের প্রতিটি শব্দ শতভাগ সংরক্ষিত?

এখানে আমাদের দ্বিতীয় আপত্তি হল এই যে, যে সকল পাণ্ডুলিপি সবচেয়ে প্রাচীন বলে দাবি করা হয়, তার কোনোটিই কুরআনের পূর্ণাঙ্গ পাণ্ডুলিপি নয়। এমন কোনো উসমানি পাণ্ডুলিপি পাওয়া যায় না যেটাতে সূরা ফাতিহার প্রথম আয়াত থেকে সূরা নাস এর শেষ আয়াত পর্যন্ত লিপিবদ্ধ রয়েছে। সেক্ষেত্রে আসমানি কিতাবের মানদণ্ডে কীভাবে এটা সংরক্ষিত কিতাব বলে সাব্যস্ত হয়? মনে রাখবেন, কুরআন যখন আসমানি কিতাব, তখন বাইবেলের মত আপনি কয়েকটা পাণ্ডুলিপি মিলিয়ে পূর্ণাঙ্গ কুরআন বানাতে পারবেন না। কারণ তখন সেটা হয়ে যাবে textual criticism, আর কুরআন আসমানি কিতাব বিধায় আপনি তার ওপর textual criticism করতে পারেন না; এটা যেমন আছে তেমনভাবেই প্রমাণ আকারে আপনাকে পেশ করতে হবে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, কুরআনের পাণ্ডুলিপি কুরআনের সুরক্ষার জন্য প্রয়োজন নেই; ক্বিরআতই যথেষ্ট - এমনতর দাবি যদি করা হয়, তবেঃ

১) আপনারা স্বীকার করে নিলেন যে, আপনাদের কুরআনের পাণ্ডুলিপি সেক্ষেত্রে বিকৃত;

২) যখন আপনাদের পাণ্ডুলিপিই বিকৃত, তখন আপনারাও আমাদের বাইবেলের পাণ্ডুলিপির ওপর প্রশ্ন তোলার কেউ নন, কেননা আপনাদের নিজেদেরই সেক্ষেত্রে কোনো textual evidence নেই!

👉 এখানে আরও উল্লেখ্য যে, যখন পাণ্ডুলিপির টপিক আসছে, তখন টপিক পাল্টে এর মধ্যে ক্বিরআত নিয়ে আসবেন না। ক্বিরআতের টপিক ক্বিরআতের জায়গায়, পাণ্ডুলিপির টপিক পাণ্ডুলিপির জায়গায়। তাই পাণ্ডুলিপির টপিকের জবাবে পাণ্ডুলিপিই প্রামাণ্য হিসেবে সাব্যস্ত হবে, ক্বিরআত নয়।

🎯 সবশেষে এটা বলব যে, আপনারা নিজেদের কী উসূল ঠিক করে নিজেরা দলিল গ্রহণ বা বর্জন করবেন, সেটা আপনাদের ব্যাপার। আপনাদের উসূল আমাদের জন্য মানদণ্ড নয়। তাই আপনাদের উসূল আমাদেরকে না দেখিয়ে অমুসলিম হিসেবে আমাদেরকে যুক্তি ও প্রমাণ সহ দেখান যে, কেন অমুসলিম হিসেবে আমরা মেনে নেব যে, আসমানি কিতাবের ধারণার মানদণ্ডে কুরআনের প্রতিটি শব্দ শতভাগ সংরক্ষিত আছে!

🔰 পাণ্ডুলিপিগুলোর ছবি যেসকল ইসলামিক ওয়েবসাইট থেকে নেওয়া হয়েছে:

👉 Codex B. L. Or. 2165 – A Qur'ānic Manuscript From 1st Century Hijra

https://www.islamic-awareness.org/quran/text/mss/ms2165.html

👉 Codex Parisino-Petropolitanus – A Qur'ānic Manuscript From 1st Century Hijra

https://www.islamic-awareness.org/quran/text/mss/arabe328a.html

👉 Codex Topkapı Sarayı Medina 1a - A Qur'ān Located At Topkapı Sarayı Museum, Istanbul, From 1st/ 2nd Century Hijra

https://www.islamic-awareness.org/quran/text/mss/medina1a.html

👉 A Perg. 2 – A Qur'anic Manuscript From 1st Century Hijra

https://www.islamic-awareness.org/quran/text/mss/aperg2

👉 Codex Ms. Qāf 47 – A Qur'ānic Manuscript From 1st Century Of Hijra

https://www.islamic-awareness.org/quran/text/mss/orfol4313

👉 P. Michaélidès No. 32 - A Qur'anic Manuscript On Papyrus From 1st Century Hijra

https://www.islamic-awareness.org/quran/text/mss/pmicairo.html

👉 The ‘Mingana Palimpsest’ – A Manuscript Containing The Qur'ān From 1st Century Hijra


https://www.islamic-awareness.org/quran/text/mss/mingana.html

👉 Codex Ṣanʿāʾ I – A Qur'ānic Manuscript From Mid–1st Century Of Hijra


https://www.islamic-awareness.org/quran/text/mss/soth.html

_____


Codex B. L. Or. 2165 – A Qu




Codex B. L. Or. 2165 – A Qur'anic




Codex B. L. Or. 2165 – A Qur'anic



Codex B. L. Or. 2165 – A Qur'anic




Codex B. L. Or. 2165 – A Qur'anic




Codex B. L. Or. 2165 – A Qur'anic




Codex B. L. Or. 2165 – A Qur'anic




Codex B. L. Or. 2165 – A Qur'anic




Codex B. L. Or. 2165 – A Qur'anic





Codex B. L. Or. 2165 – A Qur'anic




Codex B. L. Or. 2165 – A Qur'anic





Codex B. L. Or. 2165 – A Qu


Codex B. L. Or. 2165 – A Qu


Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M






Christies 2008, verso


Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M





Codex Sana'a I - A Qur'anic
Codex Sana'a I - A Qur'anic



Codex Sana'a I - A Qur'anic


Codex Sana'a I - A Qur'anic


Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic




Codex Sana'a I - A Qur'anic




Codex Sana'a I - A Qur'anic




Codex Sana'a I - A Qur'anic M



Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M



Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M



Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




2^{v}, *verso*


Codex Sana'a I - A Qur'anic M




Codex Sana'a I - A Qur'anic M




The 'Mingana Palimpsest' –




The ‘Mingana Palimpsest’ –




The ‘Mingana Palimpsest’ –



The ‘Mingana Palimpsest’ –



The ‘Mingana Palimpsest’ –



P. Michaélidès No. 32 - A Qu




P. Michaélidès No. 32 - A Qu




Codex Ms. Qaf 47 – A Qur'a




Codex Ms. Qaf 47 – A Qur'a




Codex Ms. Qaf 47 – A Qur'a




Codex Ms. Qaf 47 – A Qur'a






Arabe 328b, f. 62r


Codex Parisino-Petropolitan




Codex Parisino-Petropolitan




Codex Parisino-Petropolitan




Codex Parisino-Petropolitan




Codex Parisino-Petropolitan




Codex Parisino-Petropolitan




Codex Parisino-Petropolitan



A Perg. 2 – A Qur'anic Manu




Codex Topkapi Saray Medin




Codex Topkapi Saray Medin




Codex Topkapi Saray Medin




Codex Topkapi Saray Medin




Codex Topkapi Saray Medin




Codex Topkapi Saray Medin






(j)









(i)


Codex Topkapi Saray Medin




Codex Topkapi Saray Medin




Codex Topkapi Saray Medina




Codex Topkapi Saray Medina




Codex Topkapi Saray Medin




Codex Parisino-Petropolitan





Codex Parisino-Petropolitan



Codex B. L. Or. 2165 – A Qu




Codex B. L. Or. 2165 – A Qu


Codex B. L. Or. 2165 – A Qu

Codex B. L. Or. 2165 – A Qu

